গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

এবং

সচিব, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৬

# দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

আর্থিকভাবে অসচ্ছল, সহায়সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ জনগোষ্ঠীর আইনি অধিকার নিশ্চিতকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০০ সালে ''আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০" প্রণয়ন করে। এ আইনের আওতায় সরকার "জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা" প্রতিষ্ঠা করে। সরকারি খরচে গত তিন বছরে অর্থ্যাৎ ২০১৭-২০১৯ সালে জেলা লিগ্যাল এইড অফিস, সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস, জাতীয় হেল্পলাইন কলসেন্টার এবং ঢকা ও চট্টগ্রামে স্থাপিত দুইটি শ্রমিক আইন সহায়তা সেল থেকে নারী, পুরুষ ও শিশু সহ সর্বমোট ২,৬৭,৮০১ (দুই লক্ষ সাতষট্টি হাজার আটশত এক) জন অসহায় মানুষকে আইনি সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে কারাগারে আটক ৩৭,৭৫১ জন কারাবন্দীকে আইনগত সহায়তা প্রদান করা হয়েছে। বিগত তিন বছরে লিগ্যাল এইড অফিস হতে দেওয়ানী, ফৌজদারী ও পারিবারিক মামলাসহ মোট ৫৯,২৩৭ টি মামলার নিষ্পত্তি করা হয়েছে। ২০১৭ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত লিগ্যাল এইড অফিসে লিগ্যাল এইড অফিসারের মধ্যস্থতায় বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) বিধিমালার আওতায় মামলা পূর্ব বিরোধ (প্রি-কেইস) এবং মামলা পরবর্তী মোকদ্দমা সহ ( পোস্ট-কেইস) মোট ২০,৫৪৩ টি বিরোধের নিষ্পত্তি করা হয়েছে। উক্ত সময়ে এডিআরের মাধ্যমে ক্ষতিগ্রস্থ পক্ষকে ২৪,২০,৫২,৮৩৭ টাকা আদায় করে দিতে সক্ষম হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

লিগ্যাল এইড অফিসসমূহের নিজস্ব ভৌত অবকাঠামো উন্নয়ন প্রয়োজন। বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রমের জন্য পক্ষদের ওয়েটিংরুম, মেডিয়েশন্‌ কক্ষসমূহের গোপনীয়তা রক্ষার্থে আনুষঙ্গিক সুযোগ-সুবিধা প্রয়োজন। ডিজিটাল ই-সেবা বাস্তবায়নের জন্য উচ্চগতির ইন্টারনেট সুবিধাসহ পর্যাপ্ত প্রশিক্ষণ প্রয়োজন। আইটি ও কলসেন্টার বিষয়ে প্রয়োজনীয় দক্ষ জনবল প্রয়োজন। ADR পদ্ধতি বাস্তবায়নে সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রয়োজন। আইনগত মৌলিক ধারণালব্ধ জনগোষ্ঠীর অভাব। এপ্রেক্ষিতে তৃণমূল পর্যায়ে সরকারি আইনি সেবার প্রচারণা বৃদ্ধি করা প্রয়োজন। চ্যালেঞ্জসমূহ বাস্তবায়নে লিগ্যাল এইড অফিসারের প্রয়োজনীয় যানবাহন ও জনবল প্রয়োজন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারি আইনি সেবার কর্মব্যাপ্তী বাড়ানোর উদ্দেশ্যে প্রতিটি জেলায় জেলা লিগ্যাল এইড অফিসের পৃথক ভৌত অবকাঠামো নির্মাণ; পূর্ণাঙ্গ ও কার্যকর আইনি সেবা নিশ্চিতকল্পে সরকারি-বেসরকারি পর্যায়ে পরিচালিত সকল আইনি সেবাকে একটি প্যাকেজের আওতায় এনে যৌথ উদ্যোগে দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আইনি সহায়তার জন্য একটি সমন্বিত 'প্যাকেজ সার্ভিস' পরিচালনা করা; নিম্ন আদালত থেকে শুরু করে সর্বোচ্চ আদালত- সুপ্রীম কোর্ট পর্যন্ত দরিদ্র জনগোষ্ঠীর জন্য আরো গঠনমূলক ও উন্নত সরকারি আইনগত সহায়তা নিশ্চিত করা;
আইটি বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি করা ও কল সেন্টারের মাধ্যমে বিভিন্ন ই-সেবা নিশ্চিত করা;
শ্রমজীবী নারী ও পুরুষ কর্মীদের মজুরী, নিরাপত্তা ও চাকরীর অধিকার সংক্রান্ত বিরোধগুলো নিষ্পন্ন করতে সকল শ্রম আদালত ও ট্রাইব্যুনালে সরকারি আইন সহায়তা কার্যক্রম সম্প্রসারণ করা;
মামলা জট কমাতে এডিআর বাস্তবায়নে তৃণমূল পর্যায়ে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধি করা এবং এ সেবা নিশ্চিত করার জন্য অবকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য কর্ম-পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মোট বিচার প্রার্থীর মধ্যে সম্ভাব্য ১,০১,০০০ জন বিচারপ্রার্থীকে সরকারি খরচে আইনি সহায়তা প্রদান;
- বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) এর মাধ্যমে মামলা/ বিরোধ নিষ্পত্তির হার বৃদ্ধি করে আদালতের মামলাজট হ্রাস করা;
- সরকারি আইনি সহায়তায় জাতীয় হেল্পলাইনের মাধ্যমে সবচেয়ে সহজে ডিজিটাল পদ্ধতিতে আইনি তথ্য প্রাপ্তির হার আরো বৃদ্ধি করা;
- অসহায় কারাবন্দীদের বিচার প্রবেশাধিকার নিশ্চিত করা এবং অসহায় নারী ও শিশুদের অগ্রাধিকার ভিত্তিতে দ্রুততম সময়ে আইনগত সহায়তা নিশ্চিত করা ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

এবং

সচিব, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ...০৭.... মাসের ..২৮.. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

# দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সবার জন্য সমান বিচার প্রবেশাধিকার নিশ্চিত করে সুবিচার প্রাপ্তির পথ সুগম করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

আইনগত সহায়তা প্রদান আইন অনুসারে গরিব জনগণকে উচ্চ মানসম্পন্ন আইনগত সহায়তা প্রদান করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিচার প্রাপ্তিতে অভিগম্যতা

২. বিচার ব্যবস্থায় মামলাজট নিরসন

৩. আইনগত শিক্ষা বিস্তার

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থীগণের আইনগত সহায়তা পাওয়ার যোগ্যতা নিরুপণ ও উহা প্রদান সম্পর্কিত বিষয়ে নীতিমালা প্রণয়ন করা;

২. আইনগত সহায়তা প্রদান কর্মসূচীর বিস্তার, মানোন্নয়ন ও বিকাশে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা;

৩. আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে শিক্ষা ও গবেষণামূলক কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করা;

৪. আইনগত সহায়তা সম্পর্কে জনগণকে সচেতন করার লক্ষ্যে রেডিও, টেলিভিশন, সংবাদপত্র ও অন্যান্য মিডিয়ার মাধ্যমে ব্যাপক প্রচার করা;

৫. জেলা কমিটি বা বিশেষ কমিটি কর্তৃক প্রত্যাখ্যাত আবেদন বা দরখাস্ত বিবেচনা করা;

৬. সুপ্রীম কোর্ট কমিটি,জেলা কমিটি এবং বিশেষ কমিটির কার্যাবলী তদারকি ও নিয়ন্ত্রণ এবং উহাদের কার্যাবলী সরেজমিনে পরিদর্শন করা;

৭. আইনগত শিক্ষা বিস্তারের পদক্ষেপ গ্রহণ করা;

৮. আইনগত তথ্য সহজলভ্য করা;

৯. ন্যায় বিচারে সহজ অভিগম্যতা নিশ্চিত করা,

১০. উপরিউক্ত দায়িত্ব ও কর্তব্যসমূহ সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন কাজ করা।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| বিচার প্রবেশাধিকার নিশ্চিত করা | আর্থিকভাবে অস্বচ্ছল ও সহায়-সম্বলহীন এবং নানাবিধ কারণে বিচার ব্যবস্থায় প্রবেশের সুবিধা প্রাপ্ত হওয়া | সংখ্যা | ১০০৮০৬ | ৮৬৪০৭ | ১০১০০০ | ১০২০০০ | ১০৫০০০ | আইন ও বিচার বিভাগ, লিগ্যাল এইড অফিস, জেলা জজ আদালতসমূহ | বার্ষিক প্রতিবেদন |
| বিচার ব্যবস্থায় মামলাজট নিরসন | প্রি-কেইস ম্যানেজমেন্ট এর মাধ্যমে মামলা দায়ের রোধ ও পোস্ট-কেইস ম্যানেজমেন্ট এর মাধ্যমে মামলা জট হ্রাস | সংখ্যা | ৬৫৭৬ | ১২৩৩৯ | ৭৫০০ | ৭৮০০ | ৮৭০০ | লিগ্যাল এইড অফিস, জেলা জজ আদালতসমূহ | বার্ষিক প্রতিবেদন |
| আইনগত শিক্ষা বিস্তার | আইনগত মৌলিক ধারণালব্ধ জনগোষ্ঠীর হার বৃদ্ধি | সংখ্যা | | | ৯৯ | ৩৮৪ | ৭০৪ | লিগ্যাল এইড অফিস, জেলা জজ আদালতসমূহ | বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] বিচার প্রাপ্তিতে অভিগম্যতা | ৪০ | [১.১] গরীব ও অসহায় ব্যক্তিদের আইনগত সহায়তা প্রদান | [১.১.১] সহায়তাপ্রাপ্ত সুবিধাভোগীর মোট সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২০ | ১০০৮০৬ | ৮৬৪০৭ | ১০১০০০ | ৯৫০০০ | ৯০০০০ | ৮৫০০০ | ৮০০০০ | ১০২০০০ | ১০৫০০০ |
| | | [১.২] কল সেন্টারের / হট লাইনের মাধ্যমে আইনি পরামর্শ ও তথ্য সেবা প্রদান | [১.২.১] প্রকৃত আইনী সহায়তাপ্রাপ্ত সুবিধাভোগী | সমষ্টি | সংখ্যা | ১০ | ৩৩৯৭৯ | ২০১০২ | ৩০০০০ | ২৮০০০ | ২৬০০০ | ২৪০০০ | ২২০০০ | ৩২০০০ | ৩৫০০০ |
| | | [১.৩] আইনগত সহায়তা প্রদানের বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপ ইত্যাদি আয়োজন | [১.৩.১] আয়োজিত অনলাইন সচেতনতামূলক অনুষ্ঠান (ভিডিও কনফারেন্স) | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪১৯ | ৪৫৬ | ১২৮ | ১২০ | ১১৫ | ১১০ | ১০০ | ৪৭৫ | ৫০০ |
| | | | [১.৩.২] অনলাইন প্রশিক্ষণ (আইনজীবী) | সমষ্টি | জন | ৫ | | | ১৩০০ | ১২০০ | ১১০০ | ১০০০ | ৯০০ | | |
| [২] বিচার ব্যবস্থায় মামলাজট নিরসন | ২০ | [২.১] বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) এর মাধ্যমে মামলা নিষ্পত্তি | [২.১.১] মামলা দায়েরের পূর্বে মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি (প্রি-কেইস ম্যানেজমেন্ট) | সমষ্টি | সংখ্যা | ১৫ | ৬০২২ | ১১১৩৩ | ৬০০০ | ৫৫০০ | ৫০০০ | ৪৫০০ | ৪০০০ | ৬৭০০ | ৭৫০০ |
| | | | [২.১.২] মামলা দায়েরের পর মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫৫৪ | ১২৬৬ | ৩০০ | ২৫০ | ২০০ | ১৮০ | ১৫০ | ১১০০ | ১২০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আইনগত শিক্ষা বিস্তার | ১৫ | [৩.১] আইনগত মৌলিক ধারণালব্ধ জনগোষ্ঠীর হার বৃদ্ধি (মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহীত জনহিতকর কার্যক্রম) | [৩.১.১] আইন সম্পর্কিত বিতর্ক বা কুইজ প্রতিযোগিতা (অনলাইন/অফলাইন) | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ১২৮ | ১৯২ |
| | | | [৩.১.২] জেলা পর্যায়ে আইনগত সহায়তা সম্পর্কে স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে শিক্ষামূলক (অনলাইন/অফলাইন) সেশন পরিচালনা | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ৫৯ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ২৫৬ | ৫১২ |
| | | | [৩.১.৩] অনলাইন ভিত্তিক লিগ্যাল এইড সেবা (ওয়েবসাইট/ফেইসবুক/ অনলাইন প্লাটফর্মে বিনামূল্যে আইনগত সেবা প্রদান) | সমষ্টি | % | ৫ | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, সচিব, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হিসাবে পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.......................................................................... ..........................................................................

পরিচালক
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

মোঃ সাইফুল ইসলাম
পরিচালক (জেলা জজ)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

তারিখ

.......................................................................... ..........................................................................

সচিব
আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

মোঃ গোলাম সারওয়ার
সচিব (দায়িত্বপ্রাপ্ত)
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
| --- | --- | --- |
| ১ | এনএলএসও (NLASO) | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা |
| ২ | এডিআর | বিকল্প বিরোধ নিষ্পত্তি |
| ৩ | প্রি-কেইস | মামলা দায়ের করার পূর্বে উদ্ভূত বিরোধ |
| ৪ | পোস্ট-কেইস | মামলা দায়ের করা হয়ে গেছে অর্থাৎ চলমান মামলা |
| ৫ | প্যানেল আইনজীবী | প্রত্যেক জেলায় সরকারি খরচে লিগ্যাল এইড মামলা পরিচালনার জন্য জেলা জজ এর সভাপতিত্বে গঠিত কমিটির অধীনে নিযুক্ত আইনজীবী |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] গরীব ও অসহায় ব্যক্তিদের আইনগত সহায়তা প্রদান | [১.১.১] সহায়তাপ্রাপ্ত সুবিধাভোগীর মোট সংখ্যা | আইনগত সহায়তা প্রদান আইন-২০০০ এবং এ আইনের অধীনে প্রণীত নীতিমালা, প্রবিধানমালা ও বিধিমালা অনুসারে গৃহীত কার্যক্রম | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | মাসিক প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন |
| [১.২] কল সেন্টারের / হট লাইনের মাধ্যমে আইনি পরামর্শ ও তথ্য সেবা প্রদান | [১.২.১] প্রকৃত আইনী সহায়তাপ্রাপ্ত সুবিধাভোগী | আইনগত সহায়তা প্রদান আইন-২০০০ এবং এ আইনের অধীনে প্রণীত নীতিমালা, প্রবিধানমালা ও বিধিমালা অনুসারে গৃহীত কার্যক্রম | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | মাসিক প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] আইনগত সহায়তা প্রদানের বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপ ইত্যাদি আয়োজন | [১.৩.১] আয়োজিত অনলাইন সচেতনতামূলক অনুষ্ঠান (ভিডিও কনফারেন্স) | আইনগত সহায়তা প্রদান আইন-২০০০ এবং এ আইনের অধীনে প্রণীত নীতিমালা, প্রবিধানমালা ও বিধিমালা অনুসারে গৃহীত কার্যক্রম | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | মাসিক প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন |
| | [১.৩.২] অনলাইন প্রশিক্ষণ (আইনজীবী) | আইনগত সহায়তা প্রদান আইন-২০০০ এবং এ আইনের অধীনে প্রণীত নীতিমালা, প্রবিধানমালা ও বিধিমালা অনুসারে গৃহীত কার্যক্রম | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | মাসিক প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন |
| [২.১] বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) এর মাধ্যমে মামলা নিষ্পত্তি | [২.১.১] মামলা দায়েরের পূর্বে মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি (প্রি-কেইস ম্যানেজমেন্ট) | আইনগত সহায়তা প্রদান আইন-২০০০ এবং এ আইনের অধীনে প্রণীত নীতিমালা, প্রবিধানমালা ও বিধিমালা অনুসারে গৃহীত কার্যক্রম | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | মাসিক প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন |
| | [২.১.২] মামলা দায়েরের পর মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি | আইনগত সহায়তা প্রদান আইন-২০০০ এবং এ আইনের অধীনে প্রণীত নীতিমালা, প্রবিধানমালা ও বিধিমালা অনুসারে গৃহীত কার্যক্রম | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | মাসিক প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] আইনগত মৌলিক ধারণালদ্ধ জনগোষ্ঠীর হার বৃদ্ধি (মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহীত জনহিতকর কার্যক্রম) | [৩.১.১] আইন সম্পর্কিত বিতর্ক বা কুইজ প্রতিযোগিতা (অনলাইন/অফলাইন) | আইনগত সহায়তা প্রদান আইন-২০০০ এবং এ আইনের অধীনে প্রণীত নীতিমালা, প্রবিধানমালা ও বিধিমালা অনুসারে গৃহীত কার্যক্রম | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | মাসিক প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.২] জেলা পর্যায়ে আইনগত সহায়তা সম্পর্কে স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে শিক্ষামূলক (অনলাইন/অফলাইন) সেশন পরিচালনা | | | | |
| | [৩.১.৩] অনলাইন ভিত্তিক লিগ্যাল এইড সেবা (ওয়েবসাইট/ ফেইসবুক/ অনলাইন প্লাটফর্মে বিনামূল্যে আইনগত সেবা প্রদান) | আইনগত সহায়তা প্রদান আইন-২০০০ এবং এ আইনের অধীনে প্রণীত নীতিমালা, প্রবিধানমালা ও বিধিমালা অনুসারে গৃহীত কার্যক্রম | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | মাসিক প্রতিবেদন | বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | মামলা দায়েরের পূর্বে মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি (প্রি-কেইস ম্যানেজমেন্ট) | পর্যাপ্ত বাজেট ও জনবল | বাস্তবায়ন করার জন্য | |
| মন্ত্রণালয় / বিভাগ | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | মামলা দায়েরের পর মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি | পর্যাপ্ত বাজেট ও জনবল | বাস্তবায়ন করার জন্য | |
| মন্ত্রণালয় / বিভাগ | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | অনলাইন প্রশিক্ষণ (আইনজীবী) | পর্যাপ্ত বাজেট ও জনবল | বাস্তবায়ন করার জন্য | |
| মন্ত্রণালয় / বিভাগ | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | আইন সম্পর্কিত বিতর্ক বা কুইজ প্রতিযোগিতা (অনলাইন/অফলাইন) | পর্যাপ্ত বাজেট ও জনবল | বাস্তবায়ন করার জন্য | |
| মন্ত্রণালয় / বিভাগ | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | জেলা পর্যায়ে আইনগত সহায়তা সম্পর্কে স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে শিক্ষামূলক (অনলাইন/অফলাইন) সেশন পরিচালনা | পর্যাপ্ত বাজেট ও জনবল | বাস্তবায়ন করার জন্য | |
| মন্ত্রণালয় / বিভাগ | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | আয়োজিত অনলাইন সচেতনতামূলক অনুষ্ঠান (ভিডিও কনফারেন্স) | পর্যাপ্ত বাজেট ও জনবল | বাস্তবায়ন করার জন্য | |